# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-২**

০২ আশ্বিন ১৪৩৩

বিআরপিডি-২ সার্কুলার নং-০৬ তারিখ: -------------------

১৭ সেপ্টেম্বর ২০২৬

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ ও
ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কোম্পানী কর্তৃক ব্যাংক-কোম্পানীর শেয়ারধারণ এবং শেয়ারধারক কোম্পানীর পক্ষে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে "প্রতিনিধি পরিচালক" মনোনয়ন প্রসঙ্গে।**

১। ব্যাংক-কোম্পানীর মালিকানা কাঠামোয় স্বচ্ছতা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ, শেয়ারধারক কোম্পানীর আর্থিক সক্ষমতার তুলনায় অসামঞ্জস্যপূর্ণ বিনিয়োগ হ্রাসকরণ, ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে শেয়ারধারক কোম্পানীর পক্ষে মনোনীত প্রতিনিধি পরিচালকগণের ভূমিকা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং আমানতকারীগণের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে এতদ্বারা নিম্নরূপ নির্দেশনা জারী করা হলো:

(ক) কোনো কোম্পানী তার নীট সম্পদের (Net Worth) পরিমাণের অধিক মূল্যমানের শেয়ার মালিকানা (ক্রয় মূল্য) কোনো একক বা একাধিক ব্যাংক-কোম্পানীতে ধারণ করতে পারবে না;

(খ) কোনো কোম্পানী কর্তৃক ধারণকৃত এক বা একাধিক ব্যাংক-কোম্পানীর শেয়ার মালিকানা অনুচ্ছেদ নং-১(ক) এ বর্ণিত সীমা অতিক্রম করলে উক্ত কোম্পানীকে সার্কুলার জারীর তারিখ হতে ৬ (ছয়) মাসের মধ্যে তা সীমার মধ্যে নামিয়ে আনতে হবে;

(গ) কোনো শেয়ারধারক কোম্পানীর পক্ষে কোনো ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে মনোনীত "প্রতিনিধি পরিচালক" কে উক্ত শেয়ারধারক কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক বা পরিচালক হতে হবে;

(ঘ) অনুচ্ছেদ নং-১(গ) এ বর্ণিত ব্যক্তিকে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে "প্রতিনিধি পরিচালক" হিসেবে মনোনয়নের পূর্বে উক্ত ব্যক্তির নিজ নামে তালিকাভুক্ত পাবলিক লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে তার পরিশোধিত মূলধনের ন্যূনতম **২%** বা অন্যান্য কোম্পানীর ক্ষেত্রে তার পরিশোধিত মূলধনের ন্যূনতম **২০%** দায়মুক্ত মালিকানা নিশ্চিত করতে হবে এবং "প্রতিনিধি পরিচালক" হিসেবে দায়িত্ব পালনকালীন সম্পূর্ণ সময় তা বজায় রাখতে হবে;

(ঙ) ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে শেয়ারধারক কোম্পানীর পক্ষে "প্রতিনিধি পরিচালক" হিসেবে নিয়োগ বা পুনঃনিয়োগ বা পরিবর্তনে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের জন্য আবেদন দাখিলের সময় মনোনীত ব্যক্তির সংশ্লিষ্ট শেয়ারধারক কোম্পানীতে মালিকানা বা স্বত্ব থাকার সপক্ষে প্রমাণক দলিলাদি আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে;

(চ) এ সার্কুলার জারির অব্যবহিত পূর্বে ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদে শেয়ারধারক কোম্পানীর পক্ষে নিয়োগপ্রাপ্ত প্রতিনিধি পরিচালকের পুনঃনিয়োগ বা পরিবর্তনের ক্ষেত্রে এ সার্কুলারে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। ব্যাংক-কোম্পানীর পরিচালকগণের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে পর্ষদ সভায় এ সার্কুলারে বর্ণিত বিষয় উপস্থাপন করতে হবে। এতদ্ব্যতীত, ব্যাংক-কোম্পানীর অন্যান্য সকল কর্মকর্তা ও শেয়ারধারকগণের নজরে আনার ব্যবস্থা করতে হবে।

৩। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হলো; যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ বায়েজীদ সরকার
পরিচালক (বিআরপিডি-২)
ফোন: ৯৫৩০১৫৩